

Repatriation

Selasa, 30 Juni 2020 19:29 -



Embassy of the People's Republic of Bangladesh in Jakarta

Jl. Jaya Mandala Raya No. 93, Menteng Dalam, Tebet, Jakarta, Selatan 12780

Tel: (62-21)-22835476, (62-21)-22835477, Fax: (62-21)-28543765

Email: mission.jakarta@mofa.gov.bd, bdootjak@yahoo.com



৩০ জুন ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

বিমান বাংলাদেশ এয়ারলাইন্সে আটকেপড়া বাংলাদেশিদের প্রত্যাবাসন

আজ বাংলাদেশ দূতাবাস, জাকার্তা ও ইন্দোনেশিয়ায় বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের জন্য এক স্মরণীয় দিন। বাংলাদেশ দূতাবাস, জাকার্তার উদ্যোগে প্রথমবারের মত লাল সবুজের পতাকাবাহী বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর একটি বিশেষ চার্টার্ড বিমান (B737-800) ইন্দোনেশিয়ায় ভূমি স্পর্শ করে। কোভিড-১৯ এ উদ্ভূত পরিস্থিতিতে আটকেপড়া বাংলাদেশিদের স্বদেশে ফিরিয়ে নিতে আজ ৩০ জুন, ২০২০ দুপুর ২টা ৩০ মিনিটে ১২১ জন আটকেপড়া বাংলাদেশিসহ সর্বমোট ১২৯ জন যাত্রী নিয়ে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর বিশেষ চার্টার্ড ফ্লাইটটি(BBC-4154) ইন্দোনেশিয়া হতে যাত্রা করে। সরাসরি এই ফ্লাইটটি সন্ধ্যা ৬ টা ৩০ মিনিটে মাতৃভূমি বাংলাদেশের মাটিতে অবতরণ করবে। এর আগে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর চার্টার্ড ফ্লাইটটি(BBC-4153) আটকেপড়া ১২ জন ইন্দোনেশিয়ান ও ৯ জন বাংলাদেশিসহ মোট ২১ জন যাত্রী নিয়ে দুপুর ১ টা ১৫ মিনিটে ইন্দোনেশিয়ায় অবতরণ করে। মুজিববর্ষ, ২০২১ এর এই শুভক্ষণে বাংলাদেশের পতাকাবহনকারী চার্টার্ড বিমানের ইন্দোনেশিয়ায় এটি প্রথম ফ্লাইট এবং বাংলাদেশ দূতাবাস, জাকার্তাসহ ইন্দোনেশিয়ায় বসবাসরত প্রত্যেক প্রবাসী বাংলাদেশির জন্য এ এক অভূতপূর্ব ও গৌরবময় মুহূর্ত। বাংলাদেশের পতাকাবাহী বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর সরাসরি এই ফ্লাইটের শুভসূচনার মধ্য দিয়ে ভবিষ্যতে বাংলাদেশ ও ইন্দোনেশিয়ার মধ্যকার সরাসরি ফ্লাইট চালুর প্রক্রিয়া বেগবান হবে এবং চলমান মুজিববর্ষে দুদেশের মধ্যকার সরাসরি ফ্লাইট চালু হওয়ার প্রত্যাশা ব্যক্ত করেন মান্যবর রাষ্ট্রদূত। এর মাধ্যমে বাংলাদেশ ও ইন্দোনেশিয়ার মধ্যকার চলমান সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক আরো একধাপ এগিয়ে যাবে। আটকেপড়া বাংলাদেশিদের এ প্রত্যাবাসন প্রক্রিয়া সফল করার জন্য বাংলাদেশ দূতাবাস, জাকার্তার মান্যবর রাষ্ট্রদূত, মেজর জেনারেল জনাব আজমল কবীর, ওএস পি, পিএসসি, বাংলাদেশ পররাষ্ট্র মন্ত্রণালয়, ইন্দোনেশিয়ান পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকাস্থ ইন্দোনেশিয়ান দূতাবাস, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ও বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট সকল ব্যক্তি ও প্রতিষ্ঠানের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।



“মুজিববর্ষের কূটনীতি, প্রগতি ও সম্প্রীতি”

“Mujib Year's Diplomacy, Friendship & Prosperity”

Repatriation

Selasa, 30 Juni 2020 19:29 -
